

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৪৯

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৫৪. আঙ্গুলসমূহ খিলাল করা।

بَابِ تَخْلِيلِ الْأَصابِع

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ مُحَمَّدٍ الرَّقَاشِيُّ، حَدَّثَنَا مَعْمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ، حَدَّثَنِي أَبِي، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ أَبِي رَافِعٍ، عَنْ أَبِيهِ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ كَانَ إِذَا تَوَضَّاً حَرَّكَ خَاتَمَهُ .

বাংলা

8/88৯। আবদুল্লাহ ইবনু আবৃ রাফি (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উয় (ওজু/অজু/অযু) করার সময় তাঁর হাতের আংটি নাড়াচাড়া করতেন।

English

'Ubaidullah bin Abu Rafi' narrated from his father that: Whenever the Messenger of Allah performed ablution, he moved his ring.

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ; নাই।

তাহকীক আলবানী: যঈক। তাখরীজ আলবানী: জামি সগীর ৪৩৬১ যঈক, মিশকাত ৪২৯ যঈক। উক্ত হাদিসের রাবী ১. আবদুল মালিক বিন মুহাম্মাদ আর-রাকশী সম্পর্কে ইবনু হিব্বান বলেন, তিনি সিকাহ। ইমাম দারাকুতনী বলেন, তিনি সত্যবাদী কিন্তু সানাদে অধিক ভুল করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায়ভুল করেন। ২. মা'মার বিন মুহাম্মাদ বিন উবাউদুল্লাহ বিন আবু রাফি সম্পর্কে ইমাম বুখারি বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি দুর্বল। ৩. মুহাম্মাদ বিন উবায়দুল্লাহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই। ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইমাম দারাকুতনী



বলেন, তিনি প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন